দৈনিক বাংলা

তারিখ ... 08 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

(২৮

## ভার্সিটি সিন্ডিকেট সদস্যদের সঙ্গে বৈঠক

# ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত করতে ঐকমত্য প্রয়োজন ঃ খালেদা

১৬

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা ভার্সিটিসহ শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সংশ্লিষ্ট সবার ঐকমত্যের ভিত্তিতে পদক্ষেপ নেয়ার উপর গুরুত্ব আরোপ করেছেন।

প্রধানমন্ত্রী তাঁর সচিবালয়ের অফিসে ঢাকা ভার্সিটির সিন্ডিকেট সদস্যদের সঙ্গে আলোচনাকালে একথা বলেন। তিনি বলেন, ঢাকা ভার্সিটি ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ প্রতিষ্ঠার পন্থা উদ্ভাবন নিয়ে পার্লামেন্টে আলোচনা করা হবে। তিনি বলেন, ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত রাখার উপায় খুঁজে বের করার জন্য সংসদের বাইরেও সংশ্লিষ্ট মহলের সঙ্গে

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### ঐকমত্য প্রয়োজন

(প্রথম পৃষ্ঠার পর)

আলোচনা করা হবে। খবর বাসসর।

প্রধানমন্ত্রী বলেন, দেশের ছাত্র সমাজের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে তার সরকার প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করবে।

বেগম খালেদা জিয়া ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত এবং সেখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ভার্সিটি প্রশাসন ও শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে স্মরণ করিয়ে দেন। তিনি এব্যাপারে সচেতন নাগরিকদের তাদের প্রত্যাশিত দায়িত্ব পালনের আহবান জানান।

প্রধানমন্ত্রী বলেন, 'ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে সংশ্লিষ্ট মহলের পরামর্শ অনুযায়ী আমরা পদক্ষেপ নিতে চাই।'

এর আগে সিন্ডিকেট সদস্যগণ প্রধানমন্ত্রীর সঙ্গে ঢাকা ভার্সিটির ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মুস্তাফিজুর রহমান, [illegible] ও কৃষি মন্ত্রী মজিদ-উল-হক, শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সিপাল ইউনুস খান, জ্বালানী ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী, ডঃ খন্দকার মোশারফ হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

ঢাকা ভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়া, প্রো-ভিসি ওয়াকিল আহমদ, সমাজ বিজ্ঞান ফ্যাকাল্টির ডীন আনোয়ার উল্লাহ চৌধুরী, শহিদুল্লাহ হলের প্রভোস্ট ডঃ মাহতাব উদ্দিন চৌধুরী, জীব বিজ্ঞান ফ্যাকাল্টির ডীন ডঃ এস এম এ ফয়েজ এবং সিন্ডিকেট সদস্য গিয়াস কামাল চৌধুরী, ডঃ আনোয়ার হোসেন, ডঃ হাবিবুর রহমান ও প্রফেসর মাহমুদ জাহাঙ্গীর হাসান বৈঠকে যোগদান করেন।